গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
www.roc.gov.bd

# সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ পরিদপ্তরের আওতায় নিবন্ধিত কোম্পানি/প্রতিষ্ঠানসমূহের রিটার্ন ফাইলিং এর ক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক ইউজার আইডি চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইউজার আইডি গ্রহণের বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশিকা প্রণয়ন করে পরিদপ্তরের ওয়েবসাইট (www.roc.gov.bd)-এ প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/প্রধান নির্বাহী কর্মকর্তা এবং পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে কোম্পানি সচিবগণ-কে জরুরি ভিত্তিতে প্রাতিষ্ঠানিক ইউজার আইডি ও পাসওয়ার্ড গ্রহণ করে তথ্য/রিটার্ন দাখিলের ক্ষেত্রে যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হল।

30.09.2019

(মোঃ মোশাররফ হোসেন)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)

Office Letter/Ashim 297

# ENTITY ADMIN USER ID CREATION FORM

The Registrar
Office of the Registrar of Joint Stock Companies & Firms
TCB Building (6th Floor), 1 Kawran Bazar, Dhaka-1215

**Subject:** APPLICATION FOR CREATION OF ENTITY ADMIN USER ID /PASSWORD

Dear Sir,

I, the undersigned, on behalf of the entity stated below, hereby apply for creation of an 'Entity Admin User ID' for filing of statutory returns and other services request to 'Digital RJSC'. The information is given below for your kind consideration:

**A. Online Application Reference:**

| | | | |
|---|---|---|---|
| 1 | Submission no. | : | |

**B. Entity Information:**

| | | | |
|---|---|---|---|
| 1 | Registration no. | : | |
| 2 | Entity Name | : | |
| 3 | E-mail | : | |
| 4 | Phone | : | |

**C. Particulars of Managing Director/Chief Executive Officer:**

| | | | |
|---|---|---|---|
| 1 | Name | : | |
| 2 | Designation | : | |
| 3 | Address | : | |
| 4 | Mobile Phone | : | |
| 5 | E-mail | : | |

I therefore request you to provide an 'Entity Admin User ID' in favour of the aforesaid entity.

Signature

Dated of the _________ day of ___________________ Designation:

# ‘ডিজিটাল আরজেএসসি’ সিস্টেমে প্রাতিষ্ঠানিক ইউজার আইডি তৈরি ও ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা (www.roc.gov.bd)

## যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোন- +৮৮০২৮১৮৯৪০১, +৮৮০২৮১৮৯৪০৩

ফ্যাক্স- +৮৮০২৮১৮৯৪০২

ইমেইল- rjsc@roc.gov.bd, ওয়েব- www.roc.gov.bd

# প্রাতিষ্ঠানিক ইউজার আইডি তৈরি ও ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা

২০০৯ সালে আরজেএসসি'তে অনলাইন ভিত্তিক সেবা কার্যক্রম চালু করার পর থেকে অনলাইন সিস্টেমের নিরাপত্তা, নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের তথ্যের সুরক্ষা ও ব্যবহারকারীগণের সুবিধার কথা বিবেচনা করে সিস্টেম উন্নয়নের নিরন্তর প্রচেষ্টা অব্যাহত আছে। এই উদ্দেশ্যে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সময় বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। এর অংশ হিসাবে আরজেএসসি'তে নিবন্ধিত প্রতিষ্ঠানের নিবন্ধনোত্তর কার্যক্রম নির্বিঘ্ন, নিরাপদ ও সুরক্ষিত করতে প্রাতিষ্ঠানিক ইউজার আইডি ব্যাবস্থাপনায় নতুন পদ্ধতি চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে অনলাইনে আবেদন/দলিলপত্র দাখিল করা সহজ, নিরাপদ এবং পূর্বতন পদ্ধতির সমস্যাসমূহ দূরীভূত হবে। বর্তমানে প্রতিষ্ঠানের অনুকূলে যেসব প্রাতিষ্ঠানিক ইউজার আইডি প্রদান করা হয়েছে সেসব প্রতিষ্ঠানকেও নতুন পদ্ধতিতে প্রাতিষ্ঠানিক ইউজার আইডি গ্রহন করতে হবে।

এই পদ্ধতিতে ব্যবহারকারীগণের সুবিধা ও এই দপ্তরে রক্ষিত ও দাখিলকৃত তথ্যের নিরাপত্তা ও গোপনীয়তার বিষয়টি বিবেচনা করে প্রতিটি নিবন্ধিত প্রতিষ্ঠানের অনুকূলে একটি অনন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড (পরিবর্তন যোগ্য) প্রদান করা হবে যা প্রাতিষ্ঠানিক অ্যাডমিন আইডি নামে পরিচিত হবে।

শুধুমাত্র নিবন্ধিত প্রতিষ্ঠানের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা প্রাতিষ্ঠানিক অ্যাডমিন আইডি'র জন্য আবেদন করতে পারবেন এবং আরজেএসসি আবেদন যাচাই করে সন্তুষ্টি সাপেক্ষে প্রতিষ্ঠানের নিবন্ধনোত্তর কার্যক্রম পরিচালনার জন্য প্রাতিষ্ঠানিক অ্যাডমিন আইডি প্রদান করবে।

প্রতিষ্ঠানসমূহ এই অ্যাডমিন আইডি'র আওতায় প্রয়োজন অনুযায়ী আরও পাঁচ (০৫) টি পর্যন্ত সক্রিয় ইউজার আইডি নিজেই তৈরী করতে পারবে। ফলে একই প্রতিষ্ঠানের পক্ষে ভিন্ন ভিন্ন কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত ভিন্ন ভিন্ন ব্যাক্তি আরজেএসসি'র অনলাইন সিস্টেমে প্রবেশ করে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে পারবেন।

কোন প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত ইউজার আইডি'র মাধ্যমে শুধুমাত্র ঐ প্রতিষ্ঠানের বার্ষিক রিটার্ন, শেয়ার হস্তান্তর, পরিচালক পরিবর্তন, শেয়ার বরাদ্দ, ঠিকানা পরিবর্তন সহ সকল ধরনের রিটার্ন দাখিল ও প্রতিষ্ঠানের অবসায়ন সংক্রান্ত রিটার্ন দাখিল করা যাবে।

এছাড়া বন্ধক/দায় এর বিবরণী দাখিলের জন্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য তৈরিকৃত ইউজার আইডি ব্যবহার করে অনলাইনে দাখিল করতে হবে।

## প্রাতিষ্ঠানিক অ্যাডমিন আইডি তৈরীর শর্তঃ

- প্রতিষ্ঠানটিকে আরজেএসসি তে নিবন্ধিত হতে হবে।
- আরজেএসসি'র নিবন্ধন বই থেকে নাম কর্তিত হয়েছে বা অবসায়িত হয়েছে এমন প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিক অ্যাডমিন আইডি'র জন্য আবেদন করতে পারবে না।
- প্রতিষ্ঠানের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাডমিন আইডি পাওয়ার জন্য অনলাইনে সংযুক্ত ছক মোতাবেক তথ্য পূরণ করে আবেদন করবেন এর পাশাপাশি অনলাইন আবেদনের মুদ্রিত কপিতে স্বাক্ষর করে আরজেএসসি অফিসে জমা দেবেন।

- আরজেএসসি আবেদন যাচাই করে সন্তুষ্টি সাপেক্ষে প্রতিষ্ঠানের পক্ষে অ্যাডমিন আইডি তৈরী করে ছকে প্রদত্ত তথ্য মোতাবেক SMS ও ইমেইল মারফত জানিয়ে দেবে।
- প্রতিষ্ঠান যে ইমেইল ও মোবাইল ফোন/ফোন এর মাধ্যমে SMS সেবা, ইমেইল সেবা ও অন্যান্য সেবা পেতে চায় তা স্পষ্টভাবে আবেদনে উল্লেখ করতে হবে।

## ইউজার আইডি ব্যবস্থাপনাঃ

- অ্যাডমিন আইডি'র মাধ্যমে অনলাইনে প্রয়োজন অনুযায়ী পাঁচ (০৫) টি পর্যন্ত সক্রিয় ইউজার আইডি তৈরী করা যাবে, এর জন্য আরজেএসসি'র কোন অনুমোদন প্রয়োজন হবে না।
- অ্যাডমিন আইডি'র এর নিয়ন্ত্রন ও ব্যাবস্থাপনায় প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালক, আইন উপদেষ্টা, কোম্পানি সচিব, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর জন্য ইউজার আইডি তৈরী করা যাবে।
- সক্রিয় ইউজার আইডি'র সংখ্যা পাঁচ (০৫) পূর্ণ হয়ে গেলে প্রয়োজনে নতুন ইউজার আইডি তৈরী করার ক্ষেত্রে আগে যেকোনো একটিকে নিষ্ক্রিয় করে নিতে হবে।
- যার নামে ইউজার আইডি তৈরী করা হবে তার ইমেইল ও মোবাইল ফোন এর মাধ্যমে তা যাচাই করা হবে। কারণ আরজেএসসি'তে দাখিলকৃত কোন আবেদন/রিটার্ন এর ব্যাপারে প্রয়োজনে অ্যাডমিন এর পাশাপাশি যে ইউজার আইডি'র মাধ্যমে দাখিল করা হয়েছে তার সাথে যোগাযোগ করা হবে বিধায় ব্যবহারকারীর সঠিক ইমেইল ও মোবাইল ফোন নম্বর দেওয়া জরুরি।
- অ্যাডমিন যেকোন সময় যেকোন ইউজার আইডি নিষ্ক্রিয়/পুনঃসক্রিয় করতে পারবেন। তবে তৈরিকৃত কোন ইউজার আইডি মুছে ফেলতে পারবেন না।
- ইউজার আইডি-ধারী সর্বত নিজ দায়িত্বে তার পাসওয়ার্ড সংরক্ষন করবেন।
- কোন ইউজার আইডি'র মাধ্যমে অনলাইনে যেসব আবেদন/রিটার্ন দাখিল করা হয়েছে অ্যাডমিন তা দেখতে পারবেন।
- কোন সক্রিয় ইউজার আইডি'র পাসওয়ার্ড ভুলে গেলে অনলাইনে 'পাসওয়ার্ড রিকভারি সিস্টেম' এর মাধ্যমে পুনরূদ্ধার করা যাবে।
- অ্যাডমিন আইডি ব্যবহারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি দায়িত্ব থেকে অব্যাহতি নিলে তিনি বর্তমান দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে যথাযথ প্রক্রিয়ায় আইডি ও পাসওয়ার্ড হস্তান্তর করবেন।

*এখানে উল্লেখ্য যে, নিবন্ধনপূর্ব কার্যক্রমের জন্য যে কোন ব্যক্তি সাধারন ব্যবহারকারী হিসাবে অনলাইনে ইউজার আইডি'র আবেদন করতে পারবেন। সাধারন ব্যবহারকারীর অনুকূলে প্রদত্ত আইডি'র মাধ্যমে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা যাবে-*


- নামের অনুসন্ধান
- নামের ছাড় পত্রের আবেদন
- নিবন্ধনের আবেদন
- প্রত্যয়িত কপি'র আবেদন
- নথিপত্র তল্লাশির আবেদন

# প্রাতিষ্ঠানিক এডমিন আইডি তৈরীর ধাপসমূহঃ

১। আরজেএসসি’র ওয়েবসাইটে (লিংকঃ www.roc.gov.bd ) প্রবেশ করুন।





২। আরজেএসসি ইর’সেবা মেনুতে ক্লিক করে আরজেএসসি- এপ্লিকেশন পাতায় প্রবেশ করুন।



৩। Online User Access মেনুর অধীনে Create New User (Entity Admin) সাব মেনুতে ক্লিক করুন। প্রতিষ্ঠানের এডমিন আইডি সাইন আপের জন্যে একটি ফরম পাবেন।



৪। (A) তে প্রতিষ্ঠানের তথ্য ও (B) তে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার তথ্য প্রদান করে দাখিল করার জন্যে ‘Submit’ বাটনে ক্লিক করুন। সাবমিশন বিবরণী প্রদর্শিত হবে।



Office of the Registrar of Joint Stock Companies and Firms    Sign Out    Home

## Entity Account Sign Up

* Required information for complete submission

**A. Entity Information**

1. Entity Registration No. * :
2. Entity Name * :
3. Entity Email* :
4. Phone :

**B. Particulars of Managing Director/Chief Executive Officer:**

1.Name * : (Chairman/MD/CEO/Director )
2.Designation * : --- Select ---
3.Address * : 1
4.Mobile Phone. * :
3.Email * :

Submit

* Required information for complete submission

Design & Development: Development Design Consultants Ltd.    Home

৫। সাবমিশন নম্বর, নিবন্ধন নম্বর সহ আপনার আবেদনের সাধারণ প্রদর্শিত হবে।



Government of the People's Republic of Bangladesh
Office of the Registrar of Joint Stock Companies and Firms

Home | Downloads | Check Fee | FAQs | Contacts

## Submission Details

You have successfully submitted your application online. Your submission references are as under.

Submission No. : 2016622179
Submission For : Application for Entity Admin Account
Registration No.: C-55321
Entity Name: Deshi Limited.

### Submission of Document

| Title | Description | Print Preview |
|---|---|---|
| Online Application | Application for Entity Admin Account | |

Continue

৬। আপনার আবেদন পত্রের মুদ্রিত সংস্করণ সংরক্ষণের জন্যে আবেদন পত্রের ডান পাশে প্রদর্শিত Print অপশনে ক্লিক করুন। আপনার প্রদত্ত তথ্য সন্নিবেশিত আবেদন পত্রটি প্রদর্শিত হবে।

ENTITY ADMIN USER ID CREATION FORM

The Registrar
Office of the Registrar of Joint Stock companies & Firms
TCB Building (6th Floor, 1 Karwan Bazar , Dhaka- 1215.)

Subject: APPLICATION FOR CREATION OF ENTITY ADMIN USER ID /PASSWORD

Sir,
I, the undersigned, on behalf of the entity stated below, hereby apply for creation an 'Entity Admin User ID' for filing of statutory returns and other services request to 'Digital RJSC'. The information is given below for your kind consideration:

**A. Online Application Reference :**

1. Submission :2016644780

**B. Entity Information :**

1.Registration No. :C-88888
2.Entity Name :GINI AGRO PROCESSING PLANT LTD.
3.Entity e-mail :mahedi.it@gmail.com
4.Phone :01675000717

**C. Particulars of Managing Director/Chief Executive Officer:**

1. Name : Md. Rejwanul Haq (Mahedi)
2. Designation : Director
3. Address : 47 Mohakhali , Dhaka
4. Mobile Phone : 01675000717
5. e-mail : mahedi.it@gmail.com

I therefore request you to provide an 'Entity Admin User ID' enabling us filing of statutory returns and other services request to 'Digital RJSC'.

Signature
(Md. Rejwanul Haq (Mahedi))
Dated of the _____day of_____ Designation: Director

৭। আবেদন পত্রের মুদ্রিত সংস্করণে নির্ধারিত জায়গায় ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর যুক্ত করুন। আরজেএসসি অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে স্বাক্ষরিত আবেদন পত্রটি জমা দিন।-

৮। আরজেএসসি আপনার আবেদনটি পর্যালোচনা ও প্রক্রিয়াকরণ করবে। সকল বৈধ তথ্য সন্নিবেশ করে যথাযথভাবে আবেদন করা হয়ে থাকলে আরজেএসসি আবেদনটি অনুমোদন করবে। অন্যথায় আবেদনটি বাতিল হয়ে যাবে।

৯। আরজেএসসির অনুমোদন সাপেক্ষে আবেদনকারী প্রতিষ্ঠানের জন্যে একটি’ প্রাতিষ্ঠানিক এডমিন আইডি তৈরী হবে।


১০। এডমিন আইডি তৈরী হলে আরজেএসসি একটি ইমেইলের মাধ্যমে তা নিশ্চিত করবে। এডমিন আইডি সম্পর্কিত তথ্য (আইডি ও পাসওয়ার্ড) ঐ ইমেইলের মাধ্যমে পাঠানো হবে।

১১। শুধুমাত্র প্রতিষ্ঠানের দায়িত্তপ্রাপ্ত একজন ব্যাবহারকারী লগইন আইডি ও পাসওয়ার্ড দিয়ে এডমিন প্যানেলে প্রবেশ করতে পারবেন। এডমিন ব্যাবহারকারী এখন থেকে আরজেএসসি এপ্লিকেশন হোমপেজের Online User Access প্যানেল এর Entity Sign in অপশন থেকে এডমিন প্যানেলে প্রবেশ করতে পারবেন।

১২। এডমিন প্যানেলে প্রবেশের পর এডমিন আইডি ব্যবহারকারী প্রতিষ্ঠানের সাধারণ তথ্য ও পূর্বের ব্যবহৃত ইউজার আইডি সমূহের তালিকা দেখতে পারবেন। সাধারণভাবে পুরোনো এ ইউজার আইডিগুলো আকার্যকর অবস্থায় থাকবে। এডমিন চাইলে পুরোনো ইউজার আইডিগুলোকে প্রয়োজনমত সচল করতে করতে পারবে। এছাড়া এডমিন আইডি’র অধীনে এক বা একাধিক (সর্বোচ্চ ৫ টি সক্রিয়) নতুন ইউজার আইডি তৈরী করতে পারবে।

**নতুন ইউজার আইডি তৈরীর ধাপসমূহঃ**

ক) এডমিন প্যানেলে প্রবেশের পর Create New User আইকনে ক্লিক করুন। ইউজার তৈরীর ফরম প্রদর্শিত হবে।



Manage Accounts

A. Entity Information

| | |
|---|---|
| 1. Entity Registration No. | :C-72705 |
| 2. Entity Name | :Ace Apparel Ltd. |
| 3. Entity Email Address | :mahedi.it@gmail.com |
| 4. Entity Phone | :01675000717 |
| 5. Entity Website Address | : |

Create New Entity Account(+)

| Sl. | Login Name | email | Status | Phone | Name |
|---|---|---|---|---|---|
| 1. | ACE72705 | hamidandassociates@yahoo.com | Active | | ACE72705 |
| 2. | mah4edi14 | mahedi.it@gmail.com | Active | | Mahedi haq |

Design & Development: Development Design Consultants Ltd. Home

খ) (A) তে সাধারণ তথ্য (B) তে প্রবেশাধিকার সম্পর্কিত তথ্য ও (C) তে যাচাইকরণ কোড দিয়ে ফরমটি পূরণ করে Submit বাটনে ক্লিক করুন।

* Required information for complete submission

**User Creation**

## A. General Information

1. First Name * :
2. Middle Name :
3. Last Name :
4. Email* :
5. Date of birth : (Click to Select Date)
6. Gender : ---Select---
7. Address :

   District --- Select ---
8. Occupation :
9. Phone :
10. Fax :
11. ZIP/Postal Code :
12. Country : --- Select ---

## B. Access Information

1. Login Name* :
2. Password* :
3. Re-type password* :

## C. Verification


1. Enter the code shown* :

DZQQS


* Required information for complete submission

Submit

গ) ফরমে প্রদত্ত ব্যবহারকারীর ইমেইল ঠিকানায় নতুন ইউজারের সাধারণ তথ্য, আইডি ও পাসওয়ার্ড, এক্টিভেশন (সক্রিয়করণ) নম্বর ও আইডি এক্টিভেশন লিংক পাঠানো হবে।




ঘ) ইমেইলে প্রাপ্ত এক্টিভেশন লিংকে গিয়ে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদান করে Activate বাটনে ক্লিক করুন। ইউজার এক্টিভেশন সম্পর্কিত একটি নিশ্চিতকরন বার্তা প্রদর্শিত হবে।




ঙ) এবার ইউজার আইডি'টির জন্যে নির্ধারিত ব্যক্তি আরজেএসসি এপ্লিকেশন হোমপেজের Online User Access লিংক থেকে তার ইউজার প্যানেলে প্রবেশ করে প্রয়োজনীয় কাজ করতে পারবেন।

১৩। এডমিন আইডি ব্যবহারকারী প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী (অনধিক ৫টি) সক্রিয় ইউজার আইডি তৈরি করতে পারবেন। এক্ষেত্রে ইউজার আইডি'র মাধ্যমে প্রতিষ্ঠানের সব ধরনের ফাইলিংসহ আরজেএসসির' অন্যান্য সেবা গ্রহণ করা যাবে। তবে এডমিন আইডি'র মাধ্যমে শুধুমাত্র অধিনস্থ ইউজার আইডি সমূহকে নিয়ন্ত্রণ ও সম্পাদনা করতে পারবে।

১৪। এডমিন ব্যবহারকারী অধিনস্থ যেকোনো ইউজার আইডি যেকোনো সময় সচল/বন্ধ করতে পারবেন। তবে কোনো আইডি একবার তৈরি করা হলে তা কোনো অবস্থাতেই আর মুছে দেয়া যাবে না।